

২০০৯

বাংলা

পাঠপর্যায় — ০৩

পাঠমালা — ০১

COURSE No. — BL - 2301

পূর্ণমান : ৪০

সময় : ২ ঘণ্টা

সমস্ত প্রশ্নের উত্তর দাও

সকল প্রশ্নের মান সমান

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন

- ১। বাংলা উপন্যাসের ধারায় বিভূতিভূষণের স্বাভাবিক সম্পর্কে আলোচনা করো।

অথবা

বাংলা ছোটগল্পের ইতিহাসে পরশুরামের কৃতিত্বের পরিচয় দাও।

(Turn Over)

- ২। ‘কৃষ্ণকান্তের উইল’-এর সর্বশেষ সংস্করণে পরিণতির যে রূপান্তর ঘটানো হয়েছে তা কতখানি শিল্পসম্মত হয়েছে আলোচনা করো।

অথবা

‘কৃষ্ণকান্তের উইল’ উপন্যাসে ভ্রমর চরিত্র চিত্রণে উপন্যাসিকের আধুনিক মনস্কতা সম্পর্কে আলোচনা করো।

- ৩। ‘আরণ্যক’ উপন্যাসে সত্যচরণের যে দার্শনিক উপলব্ধি বিধৃত সে সম্পর্কে আলোচনা করো।

অথবা

‘প্রকৃতির মহাকাব্য’ ‘আরণ্যক’-এ সাধারণ মানুষের বিচিত্র জীবনচিত্রও প্রতিফলিত — আলোচনা করো।

- ৪। ‘পুতুলনাচের ইতিকথা’ উপন্যাসে উপন্যাসিকের মনোবিশ্লেষণ নৈপুণ্যের পরিচয় দাও।

অথবা

‘পুতুলনাচের ইতিকথা’ উপন্যাসে পুতুল-প্রসঙ্গ প্রত্যক্ষভাবে কী কী অনুষঙ্গে এসেছে তার উল্লেখ সূত্রে নামকরণের সার্থকতা বিচার করো।

- ৫। ‘মেরীফুল’ গল্পে সুশীলা চরিত্র নির্মাণে গল্পকারের বাস্তবতাবোধ ও মনস্তত্ত্বজ্ঞানের পরিচয় দাও।

অথবা

‘আদাব’ গল্পে লেখক সমকালীন সাম্প্রদায়িকতার ভয়াবহ পরিবেশের মধ্যেও মনুষ্যত্বের জয়ধ্বজা উড্ডীন দেখেছেন — আলোচনা করো।
